দৈনিক ইত্তেফাক

তারিখ... ২/৯/৯১ ...
পৃষ্ঠা... ১ ...কলাম... ৪ ...

ছাত্রলীগের মিছিল ও সমাবেশ

## বন্ধ ঘোষিত শিক্ষা প্রতিষ্ঠান খোলার দাবী

(ইত্তেফাক রিপোর্ট)

বন্ধ ঘোষিত সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলিয়া দেওয়ার দাবীতে ছাত্র লীগ (আ-অ) গতকাল (রবিবার) শিক্ষা মন্ত্রণালয় ঘেরাও কর্মসূচী

( ১০ম পৃঃ দ্রঃ )

## বন্ধ ঘোষিত শিক্ষা প্রতিষ্ঠান

( ১ম পৃঃ পর )

পালন শেষে শিক্ষা মন্ত্রণালয়ে স্মারকলিপি পেশ করে। এ উপলক্ষে গতকাল সকাল ১১টায় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস হইতে একটি মিছিল বাহির হয়। মিছিলটি শিক্ষা মন্ত্রণালয়ে পৌঁছার পর একটি সমাবেশে সংগঠনের সভাপতি শাহে আলম, সাধারণ সম্পাদক অসীম কুমার উকিল, কামরুজ্জামান আনসারী প্রমুখ বক্তৃতা করেন।

সমাবেশে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সৃষ্ট সন্ত্রাসী তৎপরতার জন্য শিক্ষামন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীকে দায়ী করিয়া তাহাদের পদত্যাগ দাবী করা হয়। সমাবেশ শেষে শাহে আলমের নেতৃত্বে একটি প্রতিনিধি দল শিক্ষামন্ত্রণালয়ে স্মারকপি পেশ করে। স্মারক-লিপিতে বলা হয়, সরকারী ছাত্র সংগঠন ছাত্রদল ও তাহার মিত্র শক্তি জামায়াত শিবিরের অস্ত্র-ধারীরা সারাদেশে সন্ত্রাস চালাই-